শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা



# সাধারণ আনসারে যোগ দিন, নিরাপত্তা সেবায় অংশ নিন

১। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অন্যতম অনুষঙ্গ সাধারণ আনসার। ৫০৪৪৬ জন প্রশিক্ষিত সাধারণ আনসার সদস্য বর্তমানে ৪৭১৪ টি সংস্থায় অঙ্গীভূত রয়েছেন। উক্ত সদস্যবৃন্দ বিমানবন্দর, সমুদ্রবন্দর, পাওয়ার ষ্টেশন এর মত গুরুত্বপূর্ণ কেপিআই, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, মহানগরীতে ট্রাফিক কন্ট্রোল, নৌ ও অন্যান্য গণ পরিবহন রেল ষ্টেশন এবং অন্যান্য সরকারী ও বেসরকারী স্থাপনার নিরাপত্তার বিধান করছেন। **সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করে** আপনি হতে পারেন আনসার বাহিনীর একজন গর্বিত সদস্য। তাছাড়া আপনি অঙ্গীভূত আনসার হিসেবে নিরাপত্তা সেবায় অংশগ্রহণের সুযোগ পেতে পারেন। আপনি আগ্রহী যোগ্য প্রার্থী হলে অনলাইনে আবেদন করবেন এবং আপনাকে বাছাইয়ের জন্য নির্ধারিত স্থান ও তারিখের সময়সূচি অনুযায়ী বাছাই কমিটির নিকট উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ১০ সপ্তাহ মেয়াদী সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

২। **প্রার্থীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে ঃ**

| বয়স | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | অগ্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৮ হতে ৩০ বছর (২৭/১২/২০২১ খ্রিষ্টাব্দে ন্যূনতম বয়স ১৮ বছর এবং ৩১/১২/২০২১ খ্রিষ্টাব্দে সর্বোচ্চ বয়স ৩০ বছর) | ন্যূনতমJSC / সমমান পাশ | উচ্চতা - সর্বনিম্ন ৫ ফুট ৪ ইঞ্চি<br>বুকের মাপ - ৩০/৩২ ইঞ্চি<br>দৃষ্টি শক্তি - ৬/৬<br>কোন দুরারোগ্য ব্যাধি থাকলে প্রার্থীকে প্রাথমিক বাছাই এ নির্বাচন করা হবে না। | অধিক উচ্চতা, শহীদ পরিবার, ক্রীড়া ও সংস্কৃতি ক্ষেত্রে অধিক যোগ্যতা সম্পন্ন, (ভিডিপি/টিডিপি) মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |

৩। **জাতীয়তা ঃ বাংলাদেশী**

৪। **অন-লাইন রেজিষ্ট্রেশন পদ্ধতিঃ**
ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যে কোন অন-লাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট (www.ansarvdp.gov.bd) এ 'সাধারণ আনসার (পুরুষ) মৌলিক প্রশিক্ষণের আবেদন' লিংকে ক্লিক করে আবেদনপত্র পূরণ করে দাখিল করা যাবে। উক্ত লিংকটি ২৭/১২/২০২১ খ্রিঃ রাত ১২ ঘটিকা হতে ৩১/১২/২০২১ খ্রিঃ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত সক্রিয় থাকবে। টাকা জমাদানের শেষ সময় ৩১/১২/২০২১ খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ ঘটিকা পর্যন্ত। রেজিষ্ট্রেশন ফি বাবদ অফেরতযোগ্য ২০০ (দুইশত) টাকা অন লাইনে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে। আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যা হলে পরামর্শের জন্য ০১৮৪০১৯৭২০৭,০১৬২৯৪৬৪২৮৯ এবং ০১৫৩৪৭২৬৫৩৫ নম্বরে যোগাযোগ করতে হবে। রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে প্রবেশপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে এবং বাছাইয়ের সময় অবশ্যই তা প্রদর্শন করতে হবে।

৫। **যাচাই-বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**
(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র
(খ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি
(গ) চারিত্রিক সনদপত্রের মূল কপি
(ঘ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি
(ঙ) অন লাইন রেজিষ্ট্রেশনের কনফারমেশন ডকুমেন্টের (প্রবেশপত্র) মূল কপি
(চ) ক থেকে ঙ পর্যন্ত সকল ডকুমেন্টের গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি
(ছ) গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি
(জ) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কলম, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড সঙ্গে আনতে হবে।

৬। **অঙ্গীভূত হওয়ার পর সুযোগ-সুবিধা ঃ**
(ক) প্রশিক্ষণ শেষে অঙ্গীভূত হলে মাসিক সমতল এলাকায় ১৩,০৫০ টাকা এবং পার্বত্য এলাকায় ১৪,২০০ টাকা ভাতা প্রাপ্য হবেন।
(খ) প্রতি বছর দুটি উৎসব ভাতা প্রাপ্য হবেন ৯৭৫০/- টাকা হারে।
(গ) দুই ইউনিট রেশন ভর্তুকি মূল্যে প্রদান করা হবে।
(ঘ) কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করলে পাঁচ লক্ষ টাকা এবং স্থায়ী পঙ্গুত্ববরণ করলে দুই লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে।

৭। জেলা ভিত্তিক নির্বাচনের তারিখ, সময় ও নির্বাচন কেন্দ্রের নাম নিম্নরূপ ঃ

| রেঞ্জের নাম | জেলার নাম | প্রাথমিক বাছাইয়ের স্থান, তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ঢাকা রেঞ্জ | টাঙ্গাইল | পুরাতন ষ্টেডিয়াম, কিশোরগঞ্জ<br>তারিখ ঃ ০৮/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | অনিবার্য কারণবশত বাছাইয়ের তারিখ, সময় ও কেন্দ্র পরিবর্তিত হলে বাহিনীর ওয়েব সাইটে তা প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে মোবাইল মেসেজের মাধ্যমে অবহিত করা হবে। |
| | কিশোরগঞ্জ | | |
| | মাদারীপুর | ২০ আনসার ব্যাটালিয়ন, মাদারীপুর<br>তারিখ ঃ ০৯/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | শরিয়তপুর | | |
| | গোপালগঞ্জ | | |
| ময়মনসিংহ রেঞ্জ | ময়মনসিংহ | রেঞ্জ কার্যালয়, ময়মনসিংহ<br>তারিখ ঃ ১০/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | জামালপুর | | |
| সিলেট রেঞ্জ | সুনামগঞ্জ | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সুনামগঞ্জ<br>তারিখ ঃ ০৯/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| কুমিল্লা রেঞ্জ | কুমিল্লা | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, কুমিল্লা<br>তারিখ ঃ ০৮/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | চাঁদপুর | | |
| | ব্রাহ্মণবাড়িয়া | | |
| চট্টগ্রাম রেঞ্জ | চট্টগ্রাম | প্রশিক্ষণ মাঠ, চট্টগ্রাম রেঞ্জ কার্যালয়, ফয়'স লেক, চট্টগ্রাম<br>তারিখ ঃ ০৬/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| রংপুর রেঞ্জ | দিনাজপুর | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, দিনাজপুর<br>তারিখ ঃ ০৫/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | গাইবান্ধা | | |
| বরিশাল রেঞ্জ | বরিশাল | শহীদ আব্দুর রব সেরনিয়াবাত আউটডোর ষ্টেডিয়াম, বরিশাল<br>তারিখ ঃ ০৬/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | পটুয়াখালী | | |
| খুলনা রেঞ্জ | খুলনা | জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, যশোর<br>তারিখ ঃ ০৪/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | যশোর | | |
| রাজশাহী রেঞ্জ | পাবনা | কানাইখালি মাঠ, কানাইখালি, নাটোর<br>তারিখ ঃ ১০/০১/২০২২ খ্রিঃ<br>সময় ঃ ০৯.০০ ঘটিকা | |
| | নাটোর | | |
| | নওগাঁ | | |

বিঃ দ্রঃ প্রার্থীগণ সরকার নির্দেশিত করোনা সংক্রান্ত সকল বিধি অনুসরণ পূর্বক যথাযথভাবে মাস্ক পরিধান ও সামাজিক দুরত্ব বজায় রেখে বাছাইয়ে অংশগ্রহণ করবেন।

প্রশিক্ষণ পরিদপ্তর
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯

**বিঃ দ্রঃ অঙ্গীভূত আনসারদের চাকরি স্থায়ী সরকারি চাকরি নয়।**
বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট জেলা আনসার-ভিডিপি কার্যালয়ে যোগাযোগ করুন
অথবা ভিজিট করুন ঃ www.ansarvdp.gov.bd

*** সতর্কীকরণ ঃ**
ক। সাহায্য পাওয়ার আশায় কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না।
খ। আবেদনকারীর মধ্যে কেহ কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার সাধারণ আনসারে আবদেন বাতিল বলে বিবেচিত হবে।